



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

তারিখঃ ১৬.১২.২০১৯ খ্রি:

## বর্ণাঢ্য আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উদযাপন

বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় উদযাপন করেছে মহান বিজয় দিবস ২০১৯। বিজয় দিবসের আনুষ্ঠানিকতার শুরুতে সকাল ৯টায় মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিনের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয় পরিবার সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশনে অংশগ্রহণ করে। এরপর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ফ্লাগস্টাণ্ডে বিএনসিসির সেনা ও নৌ ক্যাডেট কর্তৃক গার্ড অব অনার গ্রহণ করেন উপাচার্য মহোদয়। সকাল ৯.৩০টায় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে এক বর্ণাঢ্য বিজয় র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটি প্রশাসনিক ভবন-১ এর সামনে থেকে শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয়ের মূল ফটকে এসে শেষ হয়। বিজয় র্যালিতে বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, পরিচালক, শিক্ষকমন্ডলী, কর্মকর্তাবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ, ২৪ টি বিভাগ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, কর্মচারীবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের সকল সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন ব্যানার, প্লেকার্ড ও ফেস্টুন নিয়ে অংশগ্রহণ করে। র্যালি শেষে বিশ্ববিদ্যালয়ের স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধায় জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মরণ করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন সহ বিশ্ববিদ্যালয় প্রশাসন। পুষ্পস্তবক অর্পণ শেষে এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় সকলকে বিজয়ের শুভেচ্ছা জ্ঞাপন করে বলেন, বাঙালী জাতি কৃতজ্ঞ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি, কৃতজ্ঞ জাতির সেই সকল সূর্য সন্তানদের প্রতি যাঁদের আত্মত্যাগের বিনিময়ে এ বিজয় অর্জিত হয়েছে। মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে একটি সুখী, সমৃদ্ধ ও অসাম্প্রদায়িক জাতি গঠনে সকলকে মিলেমিশে কাজ করে যেতে হবে বিজয়ের এই দিনে তরুণ প্রজন্মের প্রতি এ আমার আহবান। এরপর পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীলদল বরিশাল বিশ্ববিদ্যালয়, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখা, অফিসার্স এসোসিয়েশন, কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদ, ২৪টি বিভাগ, ৩টি হল, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, ডিবেটিং সোসাইটি, কীর্তনখোলা চলচ্চিত্র সংসদ, ৭১'র চেতনা, ফটোগ্রাফিক সোসাইটি, আইটি সোসাইটি, বাঁধন, সাংবাদিক সমিতি, কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটি, নাট্যদল, বিএনসিসি, ছাত্রলীগসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। পরে সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে আন্তঃবিভাগ ভলিবল টুর্নামেন্টের ফাইনাল খেলা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এদিকে মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষ্যে বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে থাকছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের অংশগ্রহণে এক জমকালো সাংস্কৃতিক অনুষ্ঠান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

